ডকুমেন্টেশন কেন্দ্র
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক

তারিখ 24 MAY 1989
পৃষ্ঠা 1 3

## অনশনরত হোমিও ছাত্রদের দাবী পূরণে প্রেসিডেন্টের হস্তক্ষেপ কামনা

১৬টি হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ছাত্র-ছাত্রীদের পরীক্ষা বাস্তবায়ন কমিটি জাতীয় প্রেসক্লাবের সম্মুখে পরীক্ষার দাবীতে অনশনরত ছাত্র ও শিক্ষকদের

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## প্রেসিডেন্টের হস্তক্ষেপ

(১ম পৃঃ পর)

স্বাস্থ্যের অবনতিতে উদ্বেগ প্রকাশ করিয়াছে। অনশনের ৫৬ ঘন্টা অতিবাহিত হওয়া সত্বেও কর্তৃপক্ষ কোন পদক্ষেপ গ্রহণ না করায় কমিটি ক্ষোভ প্রকাশ এবং এব্যাপারে প্রেসিডেন্টের হস্তক্ষেপ কামনা করিয়াছে।

হোমিও মেডিক্যাল ছাত্র ঐক্য পরিষদের কেন্দ্রীয় সংসদ নেতৃবৃন্দ গতকাল (মঙ্গলবার) এক বিবৃতিতে অনশনের তৃতীয় দিনেও কর্তৃপক্ষ দাবী না মানায় গভীর উদ্বেগ প্রকাশ করিয়াছে। বিবৃতিতে পরীক্ষা বন্ধের পিছনে দায়ী ব্যক্তিদের উপযুক্ত শাস্তি প্রদানের দাবী জানান হয়।

হোমিওপ্যাথি পেশাজীবী সমিতির কেন্দ্রীয় নেতৃবৃন্দ গতকাল এক বিবৃতিতে ১৬টি হোমিও মেডিক্যাল কলেজের ডি এইচ এম এম পরীক্ষার দাবীর ব্যাপারে কর্তৃপক্ষ কোন সিদ্ধান্ত না দেওয়ায় উদ্বেগ প্রকাশ করিয়া এব্যাপারে সর্বোচ্চ কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করিয়াছে। —প্রেস বিজ্ঞপ্তি।